## Prime Minister to participate in the high level segment of One Ocean Summit on February 11, 2022

February 10, 2022

## প্রধানমন্ত্রী আগামীকাল ওয়ান ওশন সামিটের উচ্চ পর্যায়ের বৈঠকে যোগ দেবেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামীকাল (১১ই ফেব্রুয়ারি) ভিডিও কনফারেন্সের মাধ্যমে বেলা ২টো ৩০ মিনিট নাগাদ ওয়ান ওশন সামিটে এক উচ্চ পর্যায়ের বৈঠকে ভাষণ দেবেন। জার্মানী, গ্রেট ব্রিটেন, দক্ষিণ কোরিয়া, জাপান, কানাডা সহ বহু দেশের রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানরা সামিটের উচ্চ পর্যায়ের বৈঠকে ভাষণ দেবেন।

উল্লেখ করা যেতে পারে, রাষ্ট্রসঙ্ঘ ও বিশ্ব ব্যাঙ্কের সঙ্গে সহযোগিতায় ফ্রান্সের পক্ষ খেকে ৯–১১ই ফেব্রুয়ারি পর্যন্ত ওয়ান ওশন সামিট আয়োজন করা হয়েছে। সেদেশের ব্রেস্ট শহরে আন্তর্জাতিক পর্যায়ে এই শিখর সন্মোলন অনুষ্ঠিত হচ্ছে। মহাসাগরের বাস্তুতন্ত্রের সংরক্ষণ ও সুস্থ বিকাশের পরিবেশ গড়ে তুলতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে আন্তর্জাতিক মহলকে আরও সক্রিয় ভূমিকা পালনে উৎসাহিত করতেই এই শিখর সন্মোলনের আয়োজন করা হয়েছে।

নিউ দিল্লি ফেব্রুয়ারি 02, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.